

১২/১২/১৭  
AP-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
(www.bpsc.gov.bd)

## বিজ্ঞপ্তি

নং-৮০.০০.০০০০.৩০১.৭৩.০১৭.১৫-৪৬

তারিখ : ২৭ মাঘ ১৪২৩  
০৯ ফেব্রুয়ারি ২০১৭

বিষয় : সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের “সহকারী প্রোগ্রামার” পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচী।

সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য নির্বাচন কমিশন সচিবালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন প্রাণিসম্পদ অধিদপ্তরের বিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আইসিটি সেল, অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন জাতীয় রাজস্ব বোর্ড, রেলপথ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন পরিকল্পনা বিভাগের নবসৃষ্ট আইসিটি সেল, বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন এনজিও বিষয়ক ব্যুরো এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের “সহকারী প্রোগ্রামার” (বিজ্ঞপ্তির তারিখ : ২৮/১২/১৫, অনলাইন, বিজ্ঞপ্তি নং-১০৪) পদের ১৯/০১/২০১৭ তারিখে অনুষ্ঠিত Standard Test for Programming এ উত্তীর্ণ ৩৩ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর	প্রার্থী সংখ্যা	রেজিস্ট্রেশন নম্বর
২৬/০২/২০১৭ তারিখ (রবিবার) সকাল-১০.৩০ মিনিট	“সহকারী প্রোগ্রামার” বিজ্ঞপ্তির তারিখ : ২৮/১২/২০১৫, অনলাইন, বিজ্ঞপ্তি নং-১০৪	৩৩ জন	000092 000159 000182 000204 000212 000215 000220
			000301 000307 000329 000373 000435 000436 000489
			000582 000622 000653 000766 000795 000797 000829
			000943 000980 000998 001080 001156 001264 001287
			001521 001556 001730 001835 700382 Total = ৩৩ জন

২। “সহকারী প্রোগ্রামার” পদের প্রার্থীদের নামে নতুন করে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। বাছাই/লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে কমিশনের ওয়েব সাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে তা ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৩। প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্রের কপি এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্র অবশ্যই মৌখিক পরীক্ষার সময় আনতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণ মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবে না।

৪। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মূল আবেদনপত্রের (বিপিএসসি ফরম-৩) ০১ সেট কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপিসহ মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।

৫। কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

- পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(যুগ্ম সচিব)

ক্রমশ/-